# ২০১৪ সালের সেরা দশ টেক ট্রেন্ড

২০১৩ সাল নতুন নতুন প্রযুক্তিপণ্য নিয়ে বেশ আলোচিত ছিল। ওই বছর অনেক প্রযুক্তি ধারণা প্রকাশ পেলেও এসব অত্যাধুনিক ডিভাইস বিশ্ব বাজার মাতাবে ২০১৪ সাল জুড়েই। কেমন হবে নতুন বছরের টেক ট্রেন্ড? এ প্রশ্নের উত্তর খুঁজতে প্রযুক্তিপ্রেমীদের আগ্রহের কমতি নেই। পাঠকদের কৌতুহল মেটাতে ইয়াহু নিউজের সেরা দশ টেক ট্রেন্ড নিয়ে এ লেখা।

**সোহেল রানা**

## গুগল গ্লাসসহ পরিধানযোগ্য কমপিউটিং

নতুন বছর ২০১৪ সালে পরিধানযোগ্য কমপিউটিং ডিভাইসগুলোর মধ্যে গুগল গ্লাস থাকবে শীর্ষে। গত বছরের শেষদিকে গুগল গ্লাস ক্রেতা পর্যায়ে পৌঁছানোর কথা থাকলেও তা শেষ পর্যন্ত হয়নি। গুগল গ্লাসের টেস্ট ভার্সন রিলিজ করা হয় গত বছরের এপ্রিলে। রিলিজের পর যেসব ত্রুটি ধরা পড়েছে তা কাটিয়ে নতুন বছরে



বিশ্ব মাতাবে গুগল গ্লাস। যদিও গুগল গ্লাসের ডিজাইনে তেমন পরিবর্তন আসার সম্ভাবনা নেই। চলতি বছরের মে মাসে গুগলের আই/ও ডেভেলপার কনফারেন্সে এ ডিভাইস বাজারে আনার ঘোষণা আসতে পারে। পরিধানযোগ্য কমপিউটিং ডিভাইস হিসেবে এ বছর বাজারে আসছে স্যামসাং ও এলজির নতুন হেডসেট।

গুগলের দাবি, স্মার্টফোনের প্রায় সব কাজই করা যাবে গুগল গ্লাসের মাধ্যমে। স্মার্টফোনের সাথে এর মূল পার্থক্য কমান্ড দেয়ার পদ্ধতিতে। যেখানে স্মার্টফোনে হাত দিয়ে সব কাজ করতে হয়, সেখানে গুগল গ্লাস চলবে কণ্ঠস্বরের মাধ্যমে। চশমাটির ডান কাচের ওপর একটি ছোট ডিসপ্লে স্ক্রিন আছে। গুগলের মোবাইল অপারেটিং সিস্টেম অ্যান্ড্রয়িডেই চলবে চশমাটি। হাত দিয়ে ব্যবহার করতে হয় না বলে যেকোনো কাজ করতে করতেই ছবি কিংবা ভিডিও রেকর্ড করা সম্ভব হবে। আবার শুধু নির্দিষ্ট তথ্য খুঁজে বের করার জন্য মুখে বললেই হবে, গুগল সার্চ সেটিকে ডিসপ্লেতে এনে হাজির করবে।

## নতুন আইফোন ও আইপ্যাড

গত বছর স্যামসাংয়ের ৫.৭ ইঞ্চি ডিসপ্লের গ্যালাক্সি নোট থ্রি ও ৫ ইঞ্চি ডিসপ্লের গ্যালাক্সি এস ফোর স্মার্টফোন বাজারে বিক্রির দিক দিয়ে ছিল হটকেক। অন্যদিকে ৪ ইঞ্চি ডিসপ্লের আইফোন ফাইভ এস স্মার্টফোন বাজারে ততটা সাড়া ফেলতে পারেনি। এ ছাড়া ৯.৭ ইঞ্চি আইপ্যাড ছিল ১০.১ ও ১০.৬ ইঞ্চি ট্যাবলেট প্রতিযোগীদের চেয়ে বেশ ছোট। হালের মার্কেট ট্রেন্ড ধরতে চলতি বছর চমক দেখাতে বাজারে আসবে নতুন আইফোন। ইতোমধ্যে আইফোন ৬ মডেলের অবয়ব পরিকল্পনা করেছে অ্যাপল।




নতুন আইফোনের ডিসপ্লে হতে পারে সাড়ে ৪ থেকে ৫ ইঞ্চির মধ্যে। এ ছাড়া বাজারে আসবে ১২ ইঞ্চি আইপ্যাড। সেপ্টেম্বর মাসে আসতে পারে ডিভাইস দুটি।

## স্মার্টওয়াচ

পরিধানযোগ্য ডিভাইস গত বছর প্রযুক্তিপ্রেমীদের দৃষ্টি আকর্ষণ করে। এ ধরনের পণ্য নিয়ে কাজ করছে গুগল, অ্যাপল, সনি, স্যামসাং ও এলজির মতো বিখ্যাত প্রতিষ্ঠান। ইতোমধ্যে গুগল গ্লাস, আইওয়াচ, সনি স্মার্টওয়াচ, স্যামসাং গ্যালাক্সি গিয়ার বেশ আলোচিত হয়েছে। নতুন বছরে ব্যাপকহারে এসব ডিভাইস বাজারে আসবে। গত বছর স্যামসাংয়ের প্রথম স্মার্টওয়াচ গ্যালাক্সি গিয়ার বাজারে এলে ডিভাইসটি বেশ সাড়া ফেলে। এতে কিছু সমস্যা ছিল। এটি কাটিয়ে স্যামসাংয়ের নতুন মডেলের স্মার্টওয়াচ




গ্যালাক্সি ব্যান্ড চলতি বছর বাজারে আসবে। অন্যান্য কোম্পানিরও বেশ কিছু স্মার্টওয়াচ বাজারে আসবে এ বছর।

## স্টার্ট মেনুসহ উইন্ডোজ ৮.২

মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিংয়ের প্রচলিত সংস্করণ থেকে সরে এসে উইন্ডোজ ৮-এ আনে নতুন ইন্টারফেস। তবে পিসি ব্যবহারকারীদের কাছে খুব একটা সাড়া পায়নি এ ওএস। ফলে উইন্ডোজ ৮-এর আপডেট সংস্করণ




৮.১-এ কিছু পরিবর্তন আনে মাইক্রোসফট। তাতে হারিয়ে যাওয়া স্টার্ট বাটন চালু হয়। চলতি বছর উইন্ডোজ ৮-এর আপডেট ৮.২ ভার্সন আসবে। এতে আগের মতো রিয়েল স্টার্ট মেনু ফিরে আসবে। আপডেট ভার্সনে ডেস্কটপে নতুন স্টাইলের মেট্রো অ্যাপ্লিকেশন চালানো যাবে। এ ছাড়া ট্যাবলেট পিসির জন্যও থাকছে নতুনত্ব।

## ভিআর গেমিং অকুলাস রিফট

গেমের অ্যাকশন সরাসরি অনুভব করানোর জন্য চলতি বছর প্রভাব বিস্তার করবে ভার্চুয়াল রিয়েলিটি ডিভাইস। গেমিংয়ের ক্ষেত্রে মোশন সেন্সরের ধারণায় গেমিং কন্সোলগুলো এখন তৈরি হচ্ছে এমন প্রযুক্তির সাহায্যে। এ ক্ষেত্রে ‘অকুলাস রিফট’ ভার্চুয়াল রিয়েলিটি হেডসেট গেমারকে মূলত গেমের মধ্যে প্রবেশের অনুভূতি দেবে। চলতি বছর ব্যাপকহারে এ গেমিং সিস্টেম বাজারে পাওয়া যাবে।



এ গেমিংয়ে চেয়ারে বসে শুধু কন্ট্রোলারের বাটন না টিপে গেমারকে দৌড়াতে ও শত্রুকে আক্রমণ করতে হবে। অর্থাৎ শারীরিক কসরত করতে হবে। এ ডিভাইসগুলো আপনাকে একদম গেমের ভেতরে নিয়ে যাবে ও সম্পূর্ণ বাস্তব অভিজ্ঞতা দেবে। থ্রিডি প্রযুক্তির এ গ্যাজেট গেমিংয়ে নতুন বিপ্লব ঘটাবে।

## স্মার্টফোনের রেজ্যুলেশন বাড়ানো



২০১২ সালের সেরা ফোনগুলোর ডিসপ্লে রেজ্যুলেশন ছিল ৭২০ পিক্সেল। গত বছর স্ট্যান্ডার্ড হিসেবে এটি ছিল ১০৮০ পিক্সেল। এ ক্ষেত্রে ২০১৪ সালে অনেক অগ্রগতি সাধিত হবে। এ বছর স্যামসাং গ্যালাক্সি এস৫-এ আনবে ২৫৬০ × ১০৪৪ পিক্সেল রেজ্যুলেশনের ডিসপ্লে। তবে ২০১৫ সালের মধ্যে স্মার্টফোনে আল্ট্রা এইচডি বা ৪-কে রেজ্যুলেশনের ডিসপ্লে চালু হবে। চলতি বছর বাঁকা ডিসপ্লের স্মার্টফোন বাজারে আসবে। এ ক্ষেত্রে এলজি ও স্যামসাং এগিয়ে রয়েছে।

## নতুন ক্রোমবুক

দীর্ঘ ব্যাটারি আয়ুসম্পন্ন ল্যাপটপ ক্রোমবুক চলতি বছর বাজারে আনবে গুগল। ১০ ঘণ্টা ব্যাটারি ব্যাকআপ দিতে সক্ষম এ ল্যাপটপ। ব্যাটারি ব্যাকআপ দেয়ার পাশাপাশি এ ল্যাপটপটি বুট হতে সময় নেবে মাত্র ৮.৪ সেকেন্ড। এতে ব্যবহার করা হবে ইন্টেলে তৈরি বিশেষ প্রসেসর। এতে থাকবে ১১.৬ ইঞ্চি ডিসপ্লে, যার রেজ্যুলেশন হবে ১৩৬৬ × ৭৬৮ পিক্সেল। থাকবে ইন্টেল এইচডি গ্রাফিক্স। এ ক্রোমবুকের দাম হবে তুলনামূলক কম। এতে আরও থাকবে ওয়াই-ফাই, দুটি ইউএসবি ৩.০ পোর্ট, ব্লুটুথ ৪.০ ও এইচডিএমআই পোর্ট।



## ল্যাপটপে ইউএসবি পাওয়ার

বেশিরভাগ স্মার্টফোনে মাইক্রো ইউএসবি ক্যাবল দিয়ে চার্জ দেয়া যায়। ফলে নিজের চার্জার না থাকলেও অন্য কারও চার্জার দিয়ে ফোনে চার্জ দেয়া যায়। কিন্তু ল্যাপটপের ক্ষেত্রে তা সম্ভব হয় না। ল্যাপটপের ক্ষেত্রে ব্র্যান্ডভেদে আলাদা আলাদা এসি অ্যাডাপ্টার থাকে এবং কোনোভাবে এটি হারিয়ে গেলে তা কিনতে বা ব্যবস্থা করতে বেশ বেগ পেতে হয়। এ সমস্যা সমাধানে চলতি বছরে ল্যাপটপের জন্য আসবে ইউএসবি পাওয়ার ডেলিভারি পদ্ধতি। এ ধারণার প্রযুক্তি গত বছরের সিইএস মেলায় প্রদর্শিত হয়। এটি বাজারে পাওয়া যাবে এ বছর।



## থ্রিডি ওয়েবক্যামের আল্ট্রাবুক

চলতি বছর নতুন প্রযুক্তির বিল্টইন থ্রিডি ক্যামেরাসম্পন্ন আল্ট্রাবুক বাজারে আসবে। এ আল্ট্রাবুকের নিরাপত্তা ফিচার হবে অনেক উন্নত। এতে থাকবে ডুয়াল লেন্সের ক্যামেরা। ফলে এর সাহায্যে ব্যবহারকারীর আঙ্গুলের ছাপ ও জেশ্চার ট্র্যাকিংয়ে আসবে নতুনত্ব। থ্রিডি ক্যামেরা ব্যবহারের ফলে ছবিকে ব্যাকগ্রাউন্ড থেকে আলাদা করা যাবে।



## অ্যান্ড্রয়িড পিসি



উইন্ডোজ পিসির জয়জয়কার অবস্থা দীর্ঘদিন থেকে। সুলভমূল্যে বিশ্বের সেরা ব্র্যান্ডগুলো উইন্ডোজ পিসি তৈরি করে বাজারজাত করছে। আর হাল সময়ে স্মার্টফোন জগতে প্রভাব বিস্তার করে চলেছে অ্যান্ড্রয়িড ওএস। গত বছর এইচপি, এসার অ্যান্ড্রয়িড ল্যাপটপ ও অল-ইন-ওয়ান ডেস্কটপ পিসি বাজারে আনে। চলতি বছর কম দামের অ্যান্ড্রয়িড পিসি বাজারে আসবে। ধারণা করা হচ্ছে অ্যান্ড্রয়িড ওএসের তুমুল জনপ্রিয়তায় এসব পিসি বাজার দখল করতে সক্ষম হবে কজ